151

ভোরের কাগজ

তারিখ ..APR 25.1999. ... ..
পৃষ্ঠা ৪২ কলাম ৩ .....

## শতবার্ষিকী উৎসবের বর্ণাঢ্য উদ্বোধন

# কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে অনন্য এক মিলনমেলা

সৈয়দ নুরুর রহমান, কুমিল্লা থেকে : সাত সকালে কুমিল্লা শহরের রানীর দীঘিরপাড়ে ভিক্টোরিয়া কলেজ চত্বরে শত সহস্র নতুন-পুরনো শিক্ষার্থীর ঢল নামে। আত্মার এক নিবিড় বন্ধনে আপ্লুত সবাই। প্রাণোচ্ছল হয়ে ওঠে সত্তরোর্ধ বৃদ্ধ থেকে শুরু করে সদ্য তারুণ্যে পা দেয়া কিশোরটিও। গভীর মমতায় উত্তাপ আলিঙ্গনে সিক্ত হয় হারিয়ে যাওয়া বন্ধুত্ব। চৌদিকে প্রাণময়তার বান ডাকে। শতবছরের পুরনো কলেজ আঙ্গিনায় দাঁড়িয়ে পুরনো শিক্ষার্থীরা ফিরে যায় স্মৃতিতে উজ্জ্বল ফেলে আসা দিনগুলোতে। নতুন শিক্ষার্থীরা গভীর শ্রদ্ধায় আর ভালোবাসায় স্বাগত জানায় তাদের। জমে উঠে শতবছরপূর্তিতে অনন্য এক মিলনমেলা।

গতকাল শনিবার কুমিল্লার ঐতিহ্যবাহী ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজের শতবার্ষিকী উৎসব এরকম উৎসব আমেজের মধ্য দিয়েই শুরু হয়। কলেজের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ওল্ড ভিক্টোরিয়ান্সের উদ্যোগে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের গৌরবময় ১০০ বছর শীর্ষক ৮ মাসব্যাপী এই অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে।

সকাল ৮টায় কলেজের কৃষ্ণচূড়া আঙ্গিনায় জাতীয় পতাকা, কলেজ এবং ওল্ড ভিক্টোরিয়ান্সের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা হয়। পতাকা উত্তোলনের পর শুরু হয় শতবর্ষ উৎসবের বর্ণাঢ্য র‍্যালি। সহস্র কণ্ঠের উচ্চকিত স্লোগান আকাশে বাতাসে ছড়িয়ে দেয় শত বছরের মুক্তবুদ্ধি চর্চার ঐকতান। নাচ, গান, বাদ্যবাজনায় মুখরিত র‍্যালিতে আনন্দের জোয়ার নামে। পুরনো অনেক শিক্ষার্থী বয়স ভুলে তরুণ শিক্ষার্থীদের সঙ্গে রাজপথে নাচেগানে স্বতঃস্ফূর্ততায় মেতে ওঠেন। হাসিখুশি অনাবিল আনন্দে সমুজ্জ্বল র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ভিক্টোরিয়া কলেজের উচ্চ মাধ্যমিক শাখা প্রাঙ্গণে এসে শেষ হয়।

এ প্রাঙ্গণেই নির্মিত হয়েছে শতবছরপূর্তি উৎসবের বিশাল প্যান্ডেল আর সুসজ্জিত উৎসব মঞ্চ। র‍্যালি শেষে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন হুইপ মুজিবুল হক, ওল্ড ভিক্টোরিয়ান্সের সভাপতি এ এইচ মোফাজ্জল করিম, সাধারণ সম্পাদক এম শহিদউল্লাহ, কলেজ অধ্যক্ষ আহমেদ ফজলুল কবির, কলেজের সাবেক ভিপি শফিকুল ইসলাম শিকদার এবং র‍্যালি কমিটির সদস্য সচিব সাবেক ভিপি নূর-উর-রহমান মাহমুদ তানিম।

বিকালে উৎসবের মূল উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এ এইচ মোফাজ্জল করিম। কলেজের সাবেক উপাধ্যক্ষ ও প্রাক্তন শিক্ষার্থী অধ্যাপক ফজলুল করিমের রেকর্ডকৃত বাণী প্রচারের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীর উত্তম। তিনি কপোত, বেলুন ও ফেস্টুন উড়িয়ে উৎসব উদ্বোধন করেন। এ সময় কলেজের প্রতিষ্ঠাতা, মুক্তিযুদ্ধ ও বিভিন্ন গণআন্দোলনে শহীদ এবং প্রয়াত ওল্ড ভিক্টোরিয়ান্স ছাত্র-শিক্ষক-কর্মচারীদের প্রতি শতবর্ষের শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানের পর কলেজের প্রতিষ্ঠাতা আনন্দ চন্দ্র রায় এবং কলেজ অধ্যক্ষ আখতার হামিদ খান স্মারক বক্তৃতা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর আমীর আলী চৌধুরী। বক্তৃতা উপস্থাপন করেন মোহাম্মদ উল্লাহ, আবু হেনা ও জাকির হোসেন। আলোচনা করেন আফজালুর রহমান, এ এন এম ইউসুফ, বিনয় ভূষণ দাশগুপ্ত, অধ্যাপক সুলতান আহমদ, আব্দুর রহিম, শান্তিরঞ্জন ভৌমিক, ড. জয়নাল আবেদীন প্রমুখ।

রাতে অনুষ্ঠিত হয় স্মৃতিচারণ অনুষ্ঠান। এতে ১৯৩০ ব্যাচ থেকে ১৯৯৯ ব্যাচ পর্যন্ত ৩০ জন সাবেক ও বর্তমান শিক্ষার্থী স্মৃতিচারণ করেন। সবশেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। স্থানীয় অনুষ্ঠানমালার সমন্বয়ে ছিলেন এডভোকেট গোলাম ফারুক।

কলেজের শতবর্ষ উৎসবে যোগদানের জন্য ঢাকা থেকে ছুটে এসেছেন সত্তরোর্ধ বয়সের প্রবীণ সাবেক শিক্ষার্থী ফাতেমা খায়ের। তিনি কলেজের '৫২-৫৩ ব্যাচের ছাত্রী। আনুষ্ঠানিক আমন্ত্রণ নয় পত্রিকায় সংবাদ দেখে-তিনি ছুটে এসেছেন প্রিয় শিক্ষা প্রতিষ্ঠানের শতবর্ষ উৎসবে যোগ দিতে। গভীর আবেগ নিয়ে তিনি বলেন, 'প্রাণের টানে এসেছি। ভালো লাগছে এই আঙ্গিনায়।'